27/7/2007

যুগান্তর

তারিখ ... পৃষ্ঠা ৬ ... কলাম ৪

# লাগাতার ছাত্র ধর্মঘটে ঢাবি অচল
# পরীক্ষা অনিশ্চিত : হল তল্লাশি বন্ধ

## রাষ্ট্রপতিকে সার্বিক পরিস্থিতি অবহিত করেছেন ভিসি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম ভেঙে পড়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে কর্তৃপক্ষের কোন উদ্যোগ সফল হচ্ছে না। ছাত্রদল ও গণতান্ত্রিক ছাত্রঐক্যের নেতৃবৃন্দ আলোচনায় বসতে রাজি না হওয়ায় গতকাল পরিবেশ পরিষদের সভা হয়নি। এছাড়া আজ ও কাল হলে হলে তল্লাশির কর্মসূচিও আপাতত স্থগিত করা হয়েছে। এদিকে উপাচার্য একে আজাদ চৌধুরী বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদের সঙ্গে সাক্ষাৎ করে ক্যাম্পাসের সার্বিক পরিস্থিতি অবহিত করেন। 'ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার' দাবিতে ছাত্রদল ঘোষিত লাগাতার ধর্মঘট কর্মসূচিতে ১০ হাজার শিক্ষার্থীর পরীক্ষা অনিশ্চিত হয়ে পড়েছে। আগামী ২৯ জুলাই থেকে ৯ আগস্ট পর্যন্ত ৪৬টি বিভাগের ১১৫টি পরীক্ষা রয়েছে বলে বিশ্ববিদ্যালয় সূত্র জানিয়েছে।

সূত্র মতে, এসব পরীক্ষা একবার স্থগিত করা হলে ছাত্রছাত্রীরা কমপক্ষে ৬ মাসের সেশন জটে পড়বে। ২৪ তারিখ গণতান্ত্রিক ছাত্রঐক্যের ডাকা ধর্মঘটে ২৮টি বিভাগের ৩২টি পরীক্ষা স্থগিত করা হয়েছিল। বিশ্ববিদ্যালয়ে জুন থেকে সেপ্টেম্বর পর্যন্ত পরীক্ষা মৌসুম।

উপাচার্যের পদত্যাগ, সন্ত্রাসীদের গ্রেফতার, অবৈধ অস্ত্র উদ্ধার ও হলে বৈধ ছাত্রদের পুনর্বাসনসহ ৫ দফা দাবিতে ছাত্রদল ২৯ জুলাই থেকে ক্যাম্পাসে লাগাতার ধর্মঘট কর্মসূচি পালন করবে। একইদিনে গণতান্ত্রিক ছাত্রঐক্য উপাচার্যের অপসারণের দাবিতে ঐদিন তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টার কাছে স্মারকলিপি পেশ করবে। গতকাল গণতান্ত্রিক ছাত্রঐক্য নেতৃবৃন্দ মধুর ক্যান্টিনে এক সাংবাদিক সম্মেলনে পরিবেশ পরিষদের সভায় না যাওয়ার কারণ জানিয়ে বলেন, 'দখলদারিত্ব বন্ধ, সন্ত্রাসী গ্রেফতার ও অবৈধ অস্ত্র উদ্ধারে কর্তৃপক্ষের কোন কার্যকর উদ্যোগ না থাকায় এ সভায় যোগ দিচ্ছি না।' এতে লিখিত বক্তব্য পাঠ করেন ছাত্র ইউনিয়ন সভাপতি হাসান তারিফ চৌধুরী সোহেল। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন দীপঙ্কর সাহা দীপু, ইমাম গাজ্জালী প্রমুখ। ছাত্রদল লাগাতার ধর্মঘটের সমর্থনে গতকাল ক্যাম্পাসে মিছিল শেষে অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশ করে। মনির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক সাহাবুদ্দিন লাল্টু, এবিএম মোশাররফ হোসেন, রেহেনা আক্তার রানু, আজিজুল বারী হেলাল, সেলিমুজ্জামান সেলিম, আজাদ, নয়ন প্রমুখ নেতৃবৃন্দ। অন্যদিকে ছাত্রলীগ 'অছাত্র-মাস্তানদের ডাকা ধর্মঘটের' প্রতিবাদে ক্যাম্পাসে মিছিল শেষে ডাকসুর সামনে সমাবেশ করে। বেগ শাহীনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন একেএম আজিম, আলমগীর হোসেন, মাসুদুর রহমান ডাবলু প্রমুখ।